# রামনগর অতুল বিদ্যালয় (উঃমাঃ)

## মাধ্যমিক নির্বাচনী পরীক্ষা – ২০২৩

**শ্রেণি– দশম** **পূর্ণমান–৯০**

**বিষয়–ভূগোল** **সময়–৩ ঘন্টা ১৫ মিনিট**

### বিভাগ-ক

১। বিকল্পগুলির মধ্যে থেকে সঠিক উত্তরটি নির্বাচন করে লেখো ঃ 1×14=14

১.১ ভূপৃষ্ঠে প্লাবনভূমি, ব-দ্বীপ প্রভৃতি সৃষ্টি হয়, যে প্রক্রিয়ার মাধ্যমে তাকে বলে–

ক) অবরোহন খ) আরোহন গ) পর্যায়ন ঘ) পুঞ্জিত ক্ষয়।

১.২ রাজস্থানে মরু অঞ্চলে বালির অপসারণে সৃষ্ট হ্রদকে বলে–

a) ধান্দ খ) শট্‌স গ) থ্রিয়ান ঘ) বোলসন।

১.৩ হেটেরোস্ফিয়ারের দ্বিতীয় স্তরটি হল–

ক) আণবিক নাইট্রোজেন স্তর খ) হিলিয়াম স্তর গ) হাইড্রোজেন স্তর

ঘ) পারমাণবিক অক্সিজেন স্তর।

১.৪ দিন রাতের তাপমাত্রার পার্থক্য সবচেয়ে বেশি দেখা যায়–

ক) নিরক্ষীয় জলবায়ু অঞ্চলে খ) উষ্ণ মরু জলবায়ু অঞ্চলে গ) ক্রান্তীয় মৌসুমী জলবায়ু অঞ্চলে ঘ) ভূমধ্যসাগরীয় জলবায়ু অঞ্চলে।

১.৫ মরা কোটাল হওয়ার তিথি হল– ক) অষ্টমী খ) চতুর্থী গ) তৃতীয়া ঘ) পূর্ণিমা।

১.৬ দক্ষিণ-পশ্চিম মৌসুমী স্রোত প্রবাহিত হয়–

ক) প্রশান্ত মহাসাগরে খ) কুমেরু মহাসাগরে গ) আটলান্টিক মহাসাগরে ঘ) ভারত মহাসাগরে।

১.৭ জৈব ভঙ্গুর বর্জ্য পদার্থগুলির জীবাণু দ্বারা বিয়োজনক বলে–

ক) ল্যান্ড ফিলিং খ) কম্পোস্টিং গ) স্ক্রাবার ঘ) ওভার ফিলিং।

১.৮ কেন্দ্রশাসিত অঞ্চল লাদাখ-কে পৃথক করা হয়েছে– ক) তেলেঙ্গানা খ) উত্তরাখন্ড গ) জম্মু ও কাশ্মীর ঘ) ঝাড়খন্ড-থেকে।

১.৯ শিবালিক হিমালয়ের পাদদেশীয় অঞ্চলে ক্ষুদ্র ক্ষুদ্র শিলাখণ্ড সঞ্চিত হয়ে যে সমভূমি গঠিত হয়েছে, তাকে বলে– ক) ভাবর খ) খাদার গ) ভাঙ্গার ঘ) বেট।

১.১০ ভারতে সর্বাধিক জলসেচ করা হয় যে পদ্ধতিতে সেটি হল–

ক) কূপ ও নলকূপ খ) জলাশয় গ) খাল ঘ) ক্যারেজ প্রথা।

১.১১ কোনটি বিশুদ্ধ শ্রেণির কাঁচামাল ভিত্তিক শিল্প?– ক) লৌহ ইস্পাত খ) বস্ত্রবয়ন গ) মোটর গাড়ি ঘ) তথ্যপ্রযুক্তি।



১.১২ ভারতে একটি শুল্কমুক্ত বন্দর হল–

ক) মার্মাগাঁও খ) কোচিন গ) পারাদ্বীপ ঘ) কান্ডালা।

১.১৩ নারী-পুরুষ অনুপাত যে রাজ্যে সর্বাধিক–

ক) পশ্চিমবঙ্গ খ) বিহার গ) কেরল ঘ) উত্তর প্রদেশ।

১.১৪ মহাকাশে কৃত্রিম উপগ্রহ যেখানে রাখা হয় তা হল–

ক) সেন্সর খ) প্ল্যাটফর্ম গ) স্পট ঘ) ল্যান্ডস্যাট।

### বিভাগ-খ

**২। নির্দেশ অনুসারে নীচের প্রশ্নগুলির উত্তর দাও ঃ**

২.১ নিম্নলিখিত বাক্যগুলি শুদ্ধ হলে পাশে 'শু' এবং অশুদ্ধ হলে পাশে 'অ' লেখো ঃ (যে কোনো ছয়টি) 1×6=6

২.১.১ ভূমির পুর্নযৌবন লাভের ফলে সৃষ্ট নিক্ বিন্দুতে জলপ্রপাত গঠিত হয়।

২.১.২ সাধারণভাবে ভূপৃষ্ঠ সংলগ্ন বায়ুমণ্ডলে উচ্চতা বাড়লে উষ্ণতা কমে।

২.১.৩ সূর্য, চাঁদ ও পৃথিবীর সরলরৈখিক অবস্থানকে অ্যাপোজি অবস্থান বলে।

২.১.৪ ইন্দিরা গান্ধী ক্যানেল ভারতের বৃহত্তম সেচ খাল।

২.১.৫ বিহার ও ছত্তিশগড় রাজ্যে ক্রান্তীয় চিরহরিৎ বনভূমি দেখা যায়।

২.১.৬ ভারতের তথ্যপ্রযুক্তির রাজধানী বলা হয় বেঙ্গালুরুকে।

২.১.৭ উপগ্রহ চিত্রে বিভিন্ন প্রতীকের সাহায্যে ভৌগোলিক বৈশিষ্ট্যগুলি বোঝানো হয়।

**২.২ উপযুক্ত শব্দ বসিয়ে শূন্যস্থান পূরণ করো (যে কোনো ছয়টি)** 1×6=6

২.২.১ আরোহণ ও অবরোহণের সম্মিলিত ফল হল______________।

২.২.২ সমুদ্রবায়ু প্রবাহিত হয়_________________ বেলায়।

২.২.৩ FCC তে বনভূমি________________ রংএ দেখানো হয়।

২.২.৪ শিল্পে নির্গত গ্যাস শোধনে ব্যবহৃত হয়________________।

২.২.৫ ________________ স্রোতের প্রভাবে নিউফাউন্ডল্যান্ডে তুষারপাত হয়।

২.২.৬ উল্কাপিণ্ড পুড়ে ছাই হয় বায়ুমন্ডলের________________ স্তরে।

২.২.৭ হিমবাহপৃষ্ঠে আড়আড়ি ও সমান্তরাল ফাটল গুলিকে ___________বলে।

**২.৩ একটি বা দুটি শব্দে উত্তর দাও ঃ (যে কোনো ছয়টি)** 1×6=6

২.৩.১ জলপ্রপাতের তলদেশে সৃষ্ট গর্ত কে কী বলে?

২.৩.২ বায়ুর চাপ মাপার একক কী?

২.৩.৩ একটি তেজস্ক্রিয় বর্জ্যের নাম লেখো।

২.৩.৪ সামুদ্রিক মাছের প্রধান খাদ্য কী?

৪.৪ ভূবৈচিত্র্যসূচক মানচিত্র ও উপগ্রহ চিত্রের পার্থক্য কী কী?

অথবা ভূবৈচিত্র্যসূচক মানচিত্রের তিনটি ব্যবহার উল্লেখ করো।

**বিভাগ-ঙ**

**৫। নির্দেশ অনুসারে নীচের প্রশ্নগুলির উত্তর দাও ঃ** 5×2=10

**৫.১ যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও ঃ**

৫.১.১ হিমবাহের ক্ষয় কার্যের ফলে সৃষ্ট তিনটি ভূমিরূপ এর সচিত্র বিবরণ দাও।

৫.১.২ বায়ুচাপ বলয়ের সঙ্গে নিয়ত বায়ুর সম্পর্ক চিত্রসহ আলোচনা করো।

৫.১.৩ ভূমধ্যসাগরীয় জলবায়ু অঞ্চলের অবস্থান এবং এই জলবায়ুর প্রধান বৈশিষ্ট্যগুলি লেখো।

৫.১.৪ জোয়ার ভাটার সৃষ্টির কারণ আলোচনা করো।

**৫.২ যেকোনো দুটি প্রশ্নের উত্তর দাও ঃ** 5×2=10

৫.২.১ প্রস্থ বরাবর হিমালয়ের শ্রেণিবিভাগ করো ।

৫.২.২ ভারতে চা চাষের অনুকূল ভৌগোলিক পরিবেশ আলোচনা করো।

৫.২.৩ পশ্চিম ভারতে কার্পাস বয়ন শিল্পের অধিক উন্নতির কারণগুলি ব্যাখ্যা করো।

৫.২.৪ ভারতের নগর গড়ে ওঠার প্রধান কারণগুলি আলোচনা করো।

বিভাগ-চ

**৬। ভারতের প্রদত্ত রেখা মানচিত্রে নিম্নলিখিত গুলি উপযুক্ত নাম ও প্রতীক সহ চিহ্নিত করো ঃ** 1×10=10

৬.১ শিবালিক পর্বত।

৬.২ নর্মদা নদী।

৬.৩ বছরে দুবার বৃষ্টিপাতযুক্ত অঞ্চল।

৬.৪ একটি কৃষ্ণ মৃত্তিকা অঞ্চল।

৬.৫ কফি উৎপাদক অঞ্চল।

৬.৬ ভারতের অরণ্য গবেষণাগার।

৬.৭ পূর্ব ভারতের তৈল শোধনাগার।

৬.৮ ভারতের প্রধান প্রশাসনিক কেন্দ্র।

৬.৯ ভারতের বৃহত্তম তথ্যপ্রযুক্তি শিল্পকেন্দ্র।

৬.১০ ম্যানগ্রোভ অরণ্য।



২.৩.৫ কোন্ সড়ক পথের মাধ্যমে দিল্লি, মুম্বাই, চেন্নাই ও কলকাতা যুক্ত হয়েছে?

২.৩.৬ ভারতের বৃহত্তম মহানগর কোন্‌টি?

২.৩.৭ দক্ষিণ ভারতের দীর্ঘতম নদীর নাম কী?

২.৩.৮ ভারতের সর্বাধিক অরণ্যে কোন ধরনের উদ্ভিদ দেখা যায়?

**২.৪ বামদিকের সঙ্গে ডানদিক মিলিয়ে লেখো ঃ** 1×4=4

| বামদিক | ডানদিক |
|---|---|
| ২.৪.১ তৃষ্ণার্ত ফসল | ক) পাহাড়ি অঞ্চল |
| ২.৪.২ মালনাদ | খ) মহারাষ্ট্র |
| ২.৪.৩ আধুনিক শিল্পদানব | গ) ধান |
| ২.৪.৪ রেগুর মৃত্তিকা | ঘ) পেট্রোরাসায়নিক শিল্প |

**বিভাগ-গ**

৩। **নিচের প্রশ্নগুলির সংক্ষিপ্ত উত্তর দাও ( বিকল্প প্রশ্নগুলি লক্ষণীয়)** 2×6=12

৩.১ মন্থকূপ বা পটহোল কী?

অথবা বহিঃবিধৌত সমভূমি বলতে কী বোঝো?

৩.২ অ্যারোসল কী?

অথবা হিমরেখা কী?

৩.৩ বর্জ্য ব্যবস্থাপনার সংজ্ঞা দাও।

অথবা e-বর্জ্য বলতে কী বোঝো?

৩.৪ ‘Break of Monsoon’ কী?

অথবা কৃষি বনসৃজন বলতে কী বোঝো?

৩.৫ অনুসারী শিল্প বলতে কী বোঝো?

অথবা ধারণযোগ্য উন্নয়ন বলতে কী বোঝো?

৩.৬ সেন্সর কী?

অথবা মিলিয়ন শিট কাকে বলে?

**বিভাগ-ঘ**

৪। সংক্ষিপ্ত ব্যাখ্যা মূলক উত্তর দাও ঃ( বিকল্প প্রশ্নগুলি লক্ষণীয়) 3×4=12

৪.১ সব নদীর মোহনায় ব-দ্বীপ গড়ে ওঠেনি কেন?

অথবা ঘূর্ণবাত ও প্রতীপ ঘূর্ণবাতের তিনটি পার্থক্য আলোচনা করো।

৪.২ জৈব ভঙ্গুর বর্জ্য ও জৈব অভঙ্গুর বর্জ্যের পার্থক্য লেখো।

অথবা বর্জ্য ব্যবস্থাপনায় শিক্ষার্থীদের ভূমিকা লেখো।

৪.৩ ভারতের স্বাভাবিক উদ্ভিদের বন্টনে জলবায়ুর প্রভাব আলোচনা করো।

অথবা ভারতীয় কৃষির তিনটি প্রধান সমস্যা উল্লেখ করো।